

Subject Bengali
2nd language.
Worksheet
Class-3

লিঙ্গ এবং লিঙ্গের শ্রেণীবিভাগ

লিঙ্গ কথাটির অর্থ হল চিহ্ন বা লক্ষণ এই চিহ্নের সাহায্যে আমরা শব্দগুলিকে পুরুষ, স্ত্রী বা ক্লীব কিংবা উভয় কোন রূপে আছে তার চিনতে পারি।

লিঙ্গ-যে চিহ্ন বা লক্ষণ দেখে শব্দগুলিকে পুরুষ না স্ত্রী অথবা উভয় কিংবা অচেতন বস্তু বোঝায় সেই চিহ্ন কে লিঙ্গ বলে ।

আমরা কোন প্রাণীকে কিংবা কোন বস্তু বা উভয়কেই বুঝতে পারি বা চিনতে পারি যে চিহ্ন লক্ষণ দেখে তাকে আমরা লিঙ্গ বলতে পারি।

(জেনে রাখো: শুধুমাত্র বিশেষ্য পদের লিঙ্গ হয় কখনো কখনো বিশেষণ পদের লিঙ্গ হয় অন্য কোন পদের লিঙ্গ হয় না ।)

লিঙ্গের শ্রেণীবিভাগ:

ক) পুংলিঙ্গ।

খ) স্ত্রীলিঙ্গ।

গ) ক্লীবলিঙ্গ।

ঘ) উভয় লিঙ্গ।

ক) পুংলিঙ্গ: যে শব্দের দ্বারা কোন প্রাণীর পুরুষ জাতিকে বোঝানো হয়।

যেমন: বাবা, দাদা, মামা, কাকা, বালক ইত্যাদি।

খ) স্ত্রীলিঙ্গ: যে শব্দের দ্বারা স্ত্রী জাতিকে বোঝানো হয়।

যেমন: মা, দিদি, মামি, কাকি, বালিকা ইত্যাদি।

গ) ক্লীবলিঙ্গ: যে শব্দ দ্বারা পুরুষ বা স্ত্রী বাচক না বুঝিয়ে অপ্রাণিবাচক অর্থাৎ যেকোনো জড় বস্তুকে বোঝানো হয়।

যেমন: বই, কাঠ, ঘর, খবরের কাগজ ইত্যাদি।

ঘ) উভয় লিঙ্গ: যে শব্দ দিয়ে প্রাণী স্ত্রী বা পুরুষ উভয় কে বোঝানো হয়।

যেমন: শিশু, পাখি, সন্তান, শিল্পী, সৈনিক ইত্যাদি।

নীচের পুংলিঙ্গ শব্দ থেকে স্ত্রীলিঙ্গে শব্দে পরিবর্তন করার উদাহরণ দেওয়া হল এই শব্দগুলি পড়ো এবং লেখ। অথবা লিঙ্গান্তর গুলি পড়ো এবং লেখো।

পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ
উত্তম	উত্তমা
বালক	বালিকা
লেখক	লেখিকা
সেবক	সেবিকা
নদ	নদী
কবি	মহিলা কবি
জনক	জননী
পিতা	মাতা
বাঘ	বাঘিনী
মালি	মালিনী
ময়ূর	ময়ূরী
ছাত্র	ছাত্রী
দেব	দেবী
মানব	মানবী
পুত্র	কন্যা

১)নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

ক) লিঙ্গ কয় প্রকার ও কি কি?

খ) উভয় লিঙ্গ কাকে বলে?

গ) উভয় লিঙ্গের যে কোন চারটি উদাহরণ লেখো।

ঘ) ক্লীব লিঙ্গের যে কোন চারটি উদাহরণ লেখো।

২) নীচের শব্দগুলির লিঙ্গান্তর লেখো।

মানব-

পুত্র-

দেব-

ছাত্রী-

পিতা-

নূর-

বাঘ-

জনক-

লেখক-

৩) কোনটি কি লিঙ্গ লেখো।

বই-

মহিলা কবি-

সেবক-

সৈনিক-

লেখিকা-

শিশু-

বাড়ি-
